নেত্রকোনায় জামায়াতের প্রচারণা

৭ ফেব্রুয়ারি নেত্রকোণা জেলার তিনটি সংসদীয় আসন নেত্রকোণা-৫, নেত্রকোণা-৪ ও নেত্রকোণা-৩ এ বাংলাদেশ জামায়াতে ইসলামীর উদ্যোগে দাঁড়িপাল্লা প্রতীকের নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়েছে। সকাল নয়টা হতে শুরু হয়ে পর্যায়ক্রমে বিকাল সোয়া চারটায় শেষ হয়।

এই জনসভাগুলোতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা এটিএম মা’ছুম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য মনজুরুল ইসলাম ভূঁইয়া, রাকসুর বর্তমান ভিপি মুস্তাকুর রহমান জাহিদ, নেত্রকোণা জেলা জামায়াতের সাবেক আমীর মাওলানা এনামল হক, জেলা জামায়াতের আমীর মাওলানা ছাদেক আহমাদ হারিছ ও নায়েবে আমীর মাওলানা মাহবুবুর রহমান।

জনসভায় নেতৃবৃন্দ বলেন, “চব্বিশের গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষার আলোকে ইনসাফপূর্ণ একটি মানবিক রাষ্ট্র প্রতিষ্ঠার লক্ষ্যে আসন্ন নির্বাচনে গণভোটে ‘হ্যাঁ’-কে বিজয়ী করতে হবে। স্বাধীনতার চুয়ান্ন বছরে যারা সরকারে ছিল তারা জনগণের অধিকারকে নিয়ে ছিনিমিনি খেলেছে। তাই রাষ্ট্রে জনগণের অধিকার প্রতিষ্ঠা করতে দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থীসহ ১১ দলীয় নির্বাচনী সমঝোতা জোটের প্রার্থীদেরকে বিজয়ী করতে হবে।

সন্ত্রাস, চাঁদাবাজ, দুর্নীতিবাজ, নারী হেনস্তাকারী ও ঋণখেলাপীদেরকে আগামী ১২ ফেব্রুয়ারি ব্যালটের মাধ্যমে জবাব দিতে জনগণের প্রতি আহ্বান জানানো হয়।

নেত্রকোণা-৫ (পূর্বধলা) আসনে দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থী মাসুম মোস্তফা, নেত্রকোণা-৪ (মদন, মোহনগঞ্জ, খালিয়াজুড়ি) আসনে দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থী মোঃ আল-হেলাল তালুকদার এবং নেত্রকোণা-৩ (আটপাড়া-কেন্দুয়া) আসনে দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থী মোঃ খায়রুল কবির নিয়োগী।

জনসভাগুলোতে জেলা ও উপজেলা পর্যায়ের নেতৃবৃন্দসহ বিপুল সংখ্যক